**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

শ্রাবণ ০৯, ১৪৩২
তারিখ : ----------------
জুলাই ২৪, ২০২৫

এফই সার্কুলার নম্বর ২৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

শুল্ক বন্ড/ডিউটি-ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করে সিনথেটিক ও ফেব্রিক্স-এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ৩৬, তারিখ : ডিসেম্বর ০৫, ২০২৪ এবং এফই সার্কুলার নম্বর ২৮, তারিখ : জুলাই ১০, ২০২৫ সংযুক্ত পরিশিষ্ট-ক-এর ২৬ নম্বর ক্রমিকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, রপ্তানিতে ব্যবহৃত উপকরণের উপর শুল্ক বন্ড/ডিউটি-ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করে সিনথেটিক ও ফেব্রিক্স-এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে জুলাই ০১, ২০২৫ থেকে ডিসেম্বর ৩১, ২০২৫ তারিখ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে ২% হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্য হবে।

০৩। সিনথেটিক ও ফেব্রিক্স-এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান সংশ্লিষ্ট অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩